



## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)  
৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-৭৭

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩০  
১১ অক্টোবর ২০২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা  
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

### বিষয়: ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঝুঁকি নিরসনে তহবিলের উৎসের সাথে ঋণস্থিতির সংশ্লিষ্টতা।

প্রিয় মহোদয়,

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক ১০/১১/২০১৫ তারিখে জারীকৃত এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


২। গত ২৫/০৯/২০২২ তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর কয়েকটি বিধি সংশোধন করে প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী বিধি ৩৪ এর উপবিধি (১) এ উল্লিখিত তারল্য সঞ্চিত প্রতিষ্ঠানের মোট আমানতের ১৫% এর পরিবর্তে ১০% সংরক্ষণের নির্দেশনা দেয়া হয়। এপ্রেক্ষিতে এমআরএ/সার্কুলার লেটার নং রেগু-৩৩ এর (খ) ক্রমিকে বর্ণিত নির্দেশনা নিম্নরূপভাবে পরিবর্তন করা হলো:

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত গ্রাহক আমানতের ৯০%, ক্রমপুঞ্জিত উদ্বৃত্তের ৫০% এবং ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য উৎস হতে গৃহীত ঋণের (গৃহীত ঋণের বিপরীতে সংরক্ষিত লিয়েন ব্যতীত) সম্পূর্ণ অংশ এ তিনের যোগফলের ন্যূনতম ৯০% মাঠ পর্যায়ে ঋণস্থিতি হিসেবে রাখতে হবে।

এছাড়া সার্কুলার লেটার নং-রেগু-৩৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

  
তারিখ: ১১/১০/২৩  
(মোঃ জিব্বুর রহমান)  
পরিচালক  
ফোন: ৮৩৩২৫৩৮।


ই-মেইল:director.lic-requ@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২৩- ২০৫৪

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩০  
১১ অক্টোবর ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
- (৬) গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৮) পিএস টু ইভিসি (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৯) অফিস কপি।

  
তারিখ: ১১/১০/২০২৩  
(মোঃ মিনহাজুল ইসলাম)  
উপপরিচালক  
ফোন: ৫৮৩১৭২৮২।